



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/26/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে এপিলেপ্সি সচেতনতার সম্মানে আন্তর্জাতিক পার্পল ডে-এর জন্য নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে বেগুনি আলোয় আলোকিত করা হবে

26 মার্চ সন্ধ্যায় 14টি ল্যান্ডমার্ককে বেগুনি আলোয় আলোকিত করা হবে

আলো জ্বালিয়ে এপিলেপ্সি নিয়ে বেঁচে থাকা প্রায় 215,000 জন নিউ ইয়র্কবাসীকে এবং প্রতি বছর নতুনভাবে রোগ সনাক্ত হওয়া প্রায় 9,000 জনকে সম্মান জানানো হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে এপিলেপ্সি সচেতনতার সম্মানে আন্তর্জাতিক পার্পল ডে-এর (International Purple Day) জন্য আজকে সন্ধ্যায় নিউ ইয়র্ক স্টেটের (New York State) ল্যান্ডমার্কসমূহকে বেগুনি আলোয় আলোকিত করা হবে।

"এপিলেপ্সি সম্পর্কে প্রায়ই ভুল ধারণা থাকে এবং এটিকে একটি কলঙ্কময় অবস্থা হিসেবে ধরা হয় যা সকল বয়স ও ব্যাকগ্রাউন্ডের মানুষকে প্রভাবিত করতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এপিলেপ্সি নিয়ে যারা বেঁচে আছে তাদের সমর্থন করার জন্য আন্তর্জাতিক পার্পল ডে-তে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করে সচেতনতা বাড়ানোর অংশগ্রহণ করতে পেরে নিউ ইয়র্ক স্টেট গর্বিত।"

এপিলেপ্সি হলো সেন্ট্রাল নার্ভাস সিস্টেমের একটি রোগ যার ফলে কোনো স্পষ্ট কারণ ছাড়াই খিঁচুনি হতে পারে এবং এটি একবারের বেশি হতে পারে। অর্ধেকের বেশি সময়ে এপিলেপ্সির কারণ অজানা থেকে যায়। যখন কারণ বের করা যায় তখন দেখা যায় যে এটি বেশিরভাগ ক্ষেত্রে মাথায় আঘাত, ইনফেকশন বা ব্রেইনে একটি টিউমার, একটি স্ট্রোক, অ্যালঝেইমারের মতো ডিজেনারেটিভ রোগ, মাদক ব্যবহার বা জিনগত কারণে হয়ে থাকে।

স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "এপিলেপ্সি একটি মারাত্মক রোগ যা সারাজীবনকে প্রভাবিত করতে পারে কিন্তু ভালো খবর এই যে প্রায়ই ওষুধ এবং কখনো সার্জারি দিয়ে এর চিকিৎসা করা সম্ভব। আন্তর্জাতিক পার্পল ডে-তে সচেতনতা বাড়ানোর মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে আরো বেশি মানুষ খিঁচুনিকে ভালোভাবে নিয়ন্ত্রণ করতে পারে এবং সার্বিকভাবে আরো ভালো মাণের জীবন পেতে পারে।"

[সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন \(Centers for Disease Control and Prevention, CDC\)](#) অনুমান করে যে নিউ ইয়র্কের 215,000 জন ব্যক্তি সক্রিয় এপিলেপ্সি নিয়ে বেঁচে আছে, এটি সেন্ট্রাল নার্ভাস সিস্টেমের একটি রোগ যার কারণে খিঁচুনি হয়। অন্যান্য স্টাডি দাবি করে যে স্টেটে প্রতি বছর প্রায় 9,000 ব্যক্তির এই রোগ সনাক্ত করা হয়।

যেসব বিখ্যাত স্থানগুলি আলোকিত করা হবে তার মধ্যে আছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (The H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- ন্যাগারা জলপ্রপাত (Niagara Falls)
- “ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট” মধ্য-হাডসন ব্রিজ (“Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)